# বিরোধীদলের সঙ্গে সরকার যে আচরণ করছে আ. লীগ ও করেনি: তাহের



বিরোধীদলীয় উপনেতা সৈয়দ আব্দুল্লাহ মোহাম্মদ তাহের। ছবি: সংগৃহীত

বিরোধী দলের সঙ্গে সরকার যে আচরণ করছে, আওয়ামী লীগও কখনো এমন আচরণ করেনি বলে অভিযোগ করেছেন বিরোধীদলীয় উপনেতা সৈয়দ আব্দুল্লাহ মোহাম্মদ তাহের। তিনি দাবি করেন, বিরোধী দলের জন্য উন্নয়ন বরাদ্দও দেওয়া হচ্ছে না।

বৃহস্পতিবার (২৭ আগস্ট) ত্রয়োদশ জাতীয় সংসদের তৃতীয় অধিবেশনের প্রথম দিনে বিরোধী দলের ওয়াকআউটের পর সংসদ ভবনে আয়োজিত ব্রিফিংয়ে তিনি এসব কথা বলেন।

তাহের বলেন, বৈষম্যের বিরুদ্ধে আন্দোলন হয়েছিল। কিন্তু এখন দেখা যাচ্ছে বিএনপি নিজেই বৈষম্যের চ্যাম্পিয়ন হয়ে উঠছে।

দেশের বিভিন্ন সংকট তুলে ধরে তিনি বলেন, সার ও বিদ্যুতের সংকট রয়েছে, আইনশৃঙ্খলা পরিস্থিতিও নাজুক। এসব জনদুর্ভোগ নিয়ে সংসদে আলোচনা করতে চেয়েছিলেন তারা। কিন্তু স্বরাষ্ট্রমন্ত্রী তুচ্ছতাচ্ছিল্য করে কথা বলেছেন। শাহবাগের আন্দোলনের ফলেই স্বরাষ্ট্রমন্ত্রী হয়েছেন— এ কথাটিও তাঁকে মনে করিয়ে দেন তাহের।

গণভোটের প্রসঙ্গে তিনি বলেন, গণভোটের পক্ষে সবাই ছিলেন এবং প্রধানমন্ত্রী তারেক রহমানও এর পক্ষে ছিলেন। কিন্তু বিএনপি এখন জনগণের কাছে দেওয়া প্রতিশ্রুতি থেকে সরে যাচ্ছে বলে অভিযোগ করেন তিনি।

তাহের আরও বলেন, দুর্বল ও মেরুদণ্ডহীন অন্তর্বর্তী সরকার বিএনপির চাপের কারণে গণভোট ও সংসদ নির্বাচন একসঙ্গে আয়োজন করেছিল। বর্তমান সরকার জনগণের সঙ্গে প্রতারণা করছে বলেও অভিযোগ করেন তিনি। এসব কারণেই বিরোধী দল সংসদ থেকে ওয়াকআউট করেছে।

এর আগে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদের বক্তব্যকে কেন্দ্র করে সংসদে উত্তেজনা তৈরি হয়। বিরোধী দলের সদস্যরা অভিযোগ করেন, স্বরাষ্ট্রমন্ত্রী তাদের তুচ্ছতাচ্ছিল্য করে কথা বলেছেন। এ নিয়ে হইচই ও হট্টগোলে কিছু সময় সংসদের কার্যক্রমে অচলাবস্থা তৈরি হয়।

পরে বিরোধী দলের আপত্তির মুখে স্বরাষ্ট্রমন্ত্রী তাঁর বক্তব্য প্রত্যাহারের কথা জানালেও পরিস্থিতি সঙ্গে সঙ্গে শান্ত হয়নি।

LENS ASIA